REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৮ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৪৭ ইংরাজী 22nd May 1940 | ২য় সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১৹ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে।

বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

---

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

---

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এ, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

---

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷৹

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

---

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা

**৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর**

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | |
|---|---|---|---|
| চলতি বীমা | ... | ১৬ কোটি ৩৪ লক্ষের উপর | |
| বীমা তহবিল | ... | ২ ,, ৯৬ লক্ষের | ,, |
| মোট সংস্থান | ... | ৩ ,, ৩৬ ,, | ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... ... ৭৪ ,, | ,, |
| দাবী শোধ | ... | ১ কোটি ৮৫ ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

---

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারত উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরারগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

## নোটিশ

জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসার ২১।৫।৪০ তারিখের ম্যানেজিং কমিটির মিটিংএর মন্তব্য অনুযায়ী সাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে, উক্ত কমিটীর পুনর্গঠনের উদ্দেশ্যে ভোটারগণের তালিকা মাদ্রাসায় টাঙ্গান হইয়াছে। উহা ৫।৬।৪০ তারিখ পর্য্যন্ত সংশোধনাদির জন্য খোলা থাকিবে।

সেক্রেটারী
জঙ্গিপুর মুনিরিয়া হাই মাদ্রাসা
২১।৫।৪০

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৮ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৪৭ সাল

## কচুরীপানা সপ্তাহ

জঙ্গিপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত জাঠিয়া, মির্জ্জাপুর, বাড়ালা ও মঙ্গলজোন গ্রামে গত ১৭ই মে হইতে ১৯শে মে পর্য্যন্ত কচুরীপানা সপ্তাহ উপলক্ষে অনেকগুলি পুকুরের কচুরীপানা পরিস্কার করা হইয়াছে। জাঠিয়া কেন্দ্রে স্থানীয় সুযোগ্য মহকুমা ম্যাজিষ্ট্রেট বাহাদুরের পরিচালনায় রঘুনাথগঞ্জ থানা স্যানিটারী ইন্সপেক্টর বাবু ও তাঁহার সহকর্ম্মিগণ, রঘুনাথগঞ্জ এম, ই, স্কুলের শিক্ষক ও ছাত্রগণ ও গ্রামবাসীগণ পূর্ণোদ্যমে কার্য্য করায় প্রায় ২২ বিঘা পরিমাণ পুকুরের কচুরীপানা পরিস্কার হইয়াছে। স্যানিটারী ইন্সপেক্টর বাবুর কর্ম্মপদ্ধতি প্রশংসনীয়। মির্জ্জাপুর কেন্দ্রে মির্জ্জাপুর স্কুলের শিক্ষক ও ছাত্রগণ এবং গ্রামবাসিরা কার্য্য করিয়াছেন। বাড়ালা কেন্দ্রে বাড়ালা স্কুলের সম্পাদক, শিক্ষক ও ছাত্রগণ কার্য্য করিয়াছেন। মঙ্গলজোন কেন্দ্রে জরুর ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট, সদস্যগণ এবং গ্রামবাসীরা কার্য্য করায় একটী পুকুরের কচুরীপানা পরিস্কার হইয়াছে।

সাগরদীঘি থানার অন্তর্গত মনিগ্রামে খাসমহালের আদায়কারী ও গ্রামের যুবকগণ সম্মিলিত হইয়া কার্য্য করায় কয়েকটী পুকুরের কচুরা পানা পারস্কার হইয়াছে।

---

## নলকূপ বন্ধে অসুবিধা

জঙ্গিপুর মিউনিসিপ্যাশিটীর ৫নং ওয়ার্ড রঘুনাথগঞ্জ চাউলপটীতে প্রায় ৫।৬ বৎসর পূর্ব্বে মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ একটী নলকূপ বসাইয়া দেওয়ায় এই পল্লীবাসীর এবং বিদেশাগত চাউল বিক্রেতা ও জনসাধারণের পানীয় জলের বিশেষ সুবিধা হইয়াছিল। উক্ত নলকূপটী প্রায় মাসাবধি কাল হইতে বন্ধ হইয়া গিয়াছে। উহা সংস্কার না করিলে জনসাধারণ পানীয় জল অভাবে বিশেষ অসুবিধা ভোগ করিবে সন্দেহ নাই। প্রত্যহ বহু নূতন লোক জলপানের জন্য নলকূপের হাতল ধরিয়া টানাটানি করিয়া হতাশভাবে ফিরিয়া যাইতেছে। আমরা এই বিষয়ে মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান বাহাদুরের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## তুলসীবিহার মেলা

স্বর্গীয় দেওয়ান কীর্ত্তিচন্দ্র দত্ত মহাশয়ের প্রতিষ্ঠিত শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের তুলসীবিহার যাত্রা রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে যথারীতি সম্পন্ন হইয়াছে। উক্ত বাটীর চারিদিকে নিমন্ত্রিত বিগ্রহের ও যাত্রিগণের থাকিবার জন্য বহু ঘর ছিল। উহার অধিকাংশ বহুদিন পূর্ব্বেই ভাঙ্গিয়া গিয়াছে। যাহা আছে তাহাও সংস্কার অভাবে বাসের অযোগ্য হইয়াছে। এবারের ঝড়বৃষ্টিতে ছাদ দিয়া জল পড়ায় বিগ্রহগুলি ভিজিয়া গিয়াছে এবং সেবাইত ও যাত্রিগণের যার-পর-নাই কষ্ট হইয়াছে। এই বিষয়ে আমরা সেবাইতগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## রঘুনাথগঞ্জ খেয়াঘাট

কিছুদিন পূর্ব্বে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর কর্তৃপক্ষ রঘুনাথগঞ্জের খেয়াঘাট তিন বৎসরের জন্য ইজারা বন্দোবস্ত করিয়াছিলেন; কিন্তু উহা আইন সঙ্গত নহে বলিয়া মুর্শিদাবাদের জেলা ম্যাজিষ্ট্রেট বাহাদুর ঐ বন্দোবস্ত নাকচ করিয়াছেন। বর্ত্তমানে খেয়াঘাট মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ খাস করিয়াছেন।

---

## ইণ্টারমিডিয়েট পরীক্ষার ফল

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিগত (১৯৪০ সালের আই-এ ও আই-এস-সি পরীক্ষায় যাঁহারা কৃতিত্বের সহিত উত্তীর্ণ হইয়াছেন, তাঁহাদের কয়েকজনের নাম নিম্নে দেওয়া হইল :—

### আই-এ

নিম্নলিখিত ছাত্রগণ আই-এ পরীক্ষায় প্রথম ছয়টী স্থান অধিকার করিয়াছেন :—

১ম—প্রশান্তকুমার রায়, ( রিপণ কলেজ )
২য়—অরুণকুমার বসাক, ( প্রেসিডেন্সী কলেজ )
৩য়—সৌরীন্দ্রনাথ মিত্র, ( রিপণ কলেজ )
৪র্থ—সুধাংশুভূষণ মুখোপাধ্যায়, ( চন্দননগর ডুপ্লে কলেজ )
৫ম—তুহিনাংশুশেখর ভট্টাচার্য্য, (মুরারিমোহন কলেজ) শ্রীহট্ট )
৬ষ্ঠ—করুণাকান্ত দত্ত, ( প্রেসিডেন্সী কলেজ )

### আই-এস-সি

নিম্নলিখিত ছাত্রগণ আই-এস-সি পরীক্ষায় প্রথম দশটী স্থান অধিকার করিয়াছেন :—

১ম—অজিৎ মজুমদার, ( সেণ্টজেভিয়াস´ কলেজ )
২য়—সুবলসখা মণ্ডল, ( রিপণ কলেজ )
৩য়—ধ্রুবেশচন্দ্র কর, ( সেণ্টপল্‌স কলেজ )
৪র্থ—তিনকড়ি দাস, ( বিদ্যাসাগর কলেজ )
৫ম—সুনীলকুমার দত্ত, ( প্রেসিডেন্সী কলেজ )
৬ষ্ঠ—অমলকুমার রায় চৌধুরী, ( সিটি কলেজ )
৭ম—জ্যোতির্ম্ময় ভট্টাচার্য্য, ( সেণ্টজেভিয়াস´ কলেজ )
৮ম—জ্ঞানেন্দ্রচন্দ্র মিত্র, ( বঙ্গবাসী কলেজ )
৯ম—বিনয়কৃষ্ণ চট্টোপাধ্যায়, ( বিদ্যাসাগর কলেজ )
১০ম—মিহিরকুমার সরকার, ( সিটি কলেজ )
জি, এ, রবার্টসন, ( সেণ্টজেভিয়াস´ কলেজ )
শরৎ গাঙ্গুলী, ( প্রেসিডেন্সী কলেজ )
দ্বারকাপ্রসাদ আগরওয়ালা ( বঙ্গবাসী কলেজ )

---

## বসন্ত লেকচারার

অল ইণ্ডিয়া ইনষ্টিটিউট অব হাইজিন এণ্ড পাবলিক হেল্‌থের ডিরেক্টর ডাঃ জন, বি, গ্রাণ্ট বসন্ত লেকচারার নিযুক্ত হইয়াছেন। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে দুইটী বক্তৃতা করিবেন।

---

## রস-সাহিত্যিক ইন্দ্রনাথ স্মৃতিসভা

গত ২রা জ্যৈষ্ঠ বৃহস্পতিবার অপরাহ্নে উত্তর রাঢ়-সাহিত্য-সম্মেলনের উদ্যোগে বর্দ্ধমান জেলার কাটোয়া সূর্য্যনারায়ণ মেমোরিয়াল হলে পরলোকগত রস-সাহিত্যিক ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের একনবতি জন্মবার্ষিকী উপলক্ষে এক স্মৃতিসভার অনুষ্ঠান হয়। শ্রীযুক্তা অনুরূপা দেবী সভানেত্রীর আসন গ্রহণ করেন এবং মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ সভার উদ্বোধন করেন। কলিকাতা, বর্দ্ধমান, কালনা প্রভৃতি স্থান হইতে বহু বিশিষ্ট ব্যক্তি অনুষ্ঠানে যোগ দিয়াছিলেন। অভ্যর্থনা-সমিতির সভাপতি শ্রীযুক্ত কুমুদরঞ্জন মল্লিক তাঁহাদিগকে সাদরে অভ্যর্থনা করেন।

---

## ফ্রণ্টিয়ার মেলের সহিত মালগাড়ীর সংঘর্ষ

বোম্বাই হইতে গত ১৫ই মে সংবাদ পাওয়া যায়,—ঐ দিন প্রত্যুষে ৫ টা ৪০ মিনিটের সময় জেকট ষ্টেশনে একখানি মালগাড়ীর সহিত ডাউন ফ্রণ্টিয়ার মেলের ( বোম্বাই হইতে দিল্লী ) সংঘর্ষ হওয়ায় প্রায় ১৫ জন নিহত ও ১০ জন আহত হইয়াছে।

### ১৮ জন নিহত

দোহাদ রেলওয়ে অফিসের নিকট যে ট্রেণ দুর্ঘটনা হইয়াছে, তাহাতে ১৮ জন লোক মারা গিয়াছে। তন্মধ্যে নিম্নোক্ত ৬ জনকে সনাক্ত করা গিয়াছে :—

(১) সোরাব শ—ট্রাফিক ইন্‌স্পেক্টর, বি বি এণ্ড বি আই রেলওয়ে, বুলসর। (২) মিঃ এল হোয়াইট—ট্রাফিক ইন্‌স্পেক্টর বি বি এণ্ড সি আই রেলওয়ে, আমেদাবাদ। (৩) বোম্বাইয়ের শেঠ মগনলাল। (৪) মিসেস নিকলসন জোন্স। (৫) রায় বাহাদুর ফকিরচাঁদ—চীফ অডিটর, জি বি এস রেলওয়ে, বরোদা এবং (৬) মিঃ মহম্মদ—আম্বালার স্কোয়াড্রণ লীডার মুখোপাধ্যায়ের ভৃত্য।

---

## বিবাহের ভোজে বিপত্তি

নাগপুরের সংবাদে প্রকাশ,—গত ১৭ই মে সন্ধ্যাকালে এক বিবাহ বাড়ীতে নিমন্ত্রণ খাইবার পর একশত জন বমি করিতে থাকে। চিকিৎসার জন্য তাহাদিগকে স্থানীয় মেয়ো হাসপাতালে আনয়ন করা হইয়াছে। বিষাক্ত খাদ্য গ্রহণ করিয়াছিল বলিয়া অনুমিত হয়।

---

## বাঙ্গালায় ডাকাতি

গত ৪ঠা মে যে সপ্তাহ শেষ হইয়াছে, সে সপ্তাহে বাঙ্গালা দেশে ৫টী ডাকাতি হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। বাঁকুড়া, বর্দ্ধমান, রাজসাহী, ঢাকা ও ত্রিপুরায় একটী করিয়া ডাকাতি হইয়াছে। ডাকাতগণ অস্ত্রশস্ত্রে সজ্জিত ছিল। জানুয়ারী হইতে মার্চ্চ মাসের মধ্যে বাঙ্গালায় ২৪৭টি ডাকাতি হইয়াছে। গত বৎসর এই মাসগুলিতে ৩৫৪টি ডাকাতি হইয়াছিল। গত মাসে ৮০টি ডাকাতি হইয়াছে, গত বৎসর এই মাসে ১৯টি ডাকাতি হইয়াছিল।

---

## বিষাক্ত খাদ্য গ্রহণে বিপত্তি

ঢাকা সহরের দক্ষিণ মৈশণ্ডি অঞ্চল হইতে এই মর্ম্মে সংবাদ পাওয়া গিয়াছে যে, বিষাক্ত খাদ্য গ্রহণের ফলে ঐ অঞ্চলের প্রায় ৫০ জন লোক বিশেষ অসুস্থ হইয়া পড়ে। গত সপ্তাহে এক দিবস রাত্রিতে শ্রীযুক্ত পীতাম্বর সাহার গৃহে সত্যনারায়ণ পূজা উপলক্ষে সমাগত ব্যক্তিগণকে প্রচুর প্রসাদ বিতরণ করা হয়। এই প্রসাদ গ্রহণের পর সকলেই ভয়ঙ্কর অসুস্থ বোধ করিতে থাকে এবং কলেরার লক্ষণ দেখা যায়। সৌভাগ্যক্রমে কাহারও মৃত্যু হয় নাই।

---

## সাঁজ বাতি আইন প্রত্যাহৃত

মহকুমা হাকিম পুরুলিয়ায় যে সাঁজ বাতি আইন জারী করিয়াছিলেন, তাহা গত ১৫ই মে প্রত্যাহার করা




**সকল প্রকার গ্রামোফোন মেসিন ও রেকর্ড**

নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।


ডি, পি, গাঙ্গুলী

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।




## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয় মুল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১৷৴০ ।৴০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

### মৃতের জীবন ঃ—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৴০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১৷৴০

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

## সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্ন-দোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।